**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-07-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETI**

**RailWay Minister Aswini Vaishnab :**

২০২৪-২৫ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেটে উত্তর পূর্বাঞ্চলে রেল উন্নয়নের জন্য সরকার ১০ হাজার ৩৭৬ কোটি টাকার বরাদ্দের সংস্থান রেখেছে, যা এযাবত্কালের মধ্যে রেকর্ড অঙ্কের বরাদ্দ। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব গতকাল নয়া দিল্লি থেকে এক ভার্চুয়াল সাংবাদিক সম্মেলনে একথা জানান। রেলমন্ত্রী বলেন, সরকার রেল নেটওয়ার্কের আধুনিকীকরণ করার কাজে অঙ্গীকারবদ্ধ এবং অ্যাক্ট ইস্ট নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে উত্তর-পূর্বাঞ্চলে রেলপথ সম্প্রসারণের কাজ দ্রুত গতিতে সম্পন্ন করার জন্যও সরকারের অঙ্গীকার রয়েছে|

রেলমন্ত্রী পরিকাঠামো উন্নয়ন এবং যাত্রী নিরাপত্তা ব্যবস্থা সহ বাজেটের বিভিন্ন দিক নিয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নেরও উত্তর দেন। বলেন যে, ভারতীয় রেলকে বিশ্বমানের পরিবহণ ব্যবস্থায় পরিণত করার জন্য সরকার সর্বাধিক জোর দিয়ে কাজ করছে| একইসাথে সরকার, রেলের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি করার ওপরও নজর দিয়েছে।

এক প্রশ্নের উত্তরে রেলমন্ত্রী বলেন, রেল সুরক্ষায় সারা দেশে ‘কবজ ৪.০’ ইলেক্ট্রনিক ব্যবস্থা দেশে খুব শীঘ্রই বাস্তবায়িত হবার জন্য প্রস্তুত| রেল সুরক্ষায় এই আধুনিক ব্যবস্থা দেশের বিভিন্ন ভৌগলিক অঞ্চলের পরিবেশ, পরিস্থিতি অনুযায়ী এর জন্য টাওয়ার

নির্মান সহ অন্য কারিগরী-প্রযুক্তি কার্যকর করার কাজে কিছু সময় লাগছে।

সাংবাদিক সম্মেলনে উত্তর-পূর্ব রেলের জিএম শ্রী চেতন শ্রীবাস্তব জানান, রেলের সব রকমের পরিকাঠামো ও নিরাপত্তা সংক্রান্ত প্রকল্পের কাজের জন্য আগের বছরের তুলনায় এবছর পর্যাপ্ত তহবিল বরাদ্দ করা হয়েছে।

**************

**Police training on 03 new law :**

নতুন তিন ফৌজদারি আইনের উপর গতকাল রাজ্য পুলিশের টিপিএস অফিসারদের নিয়ে এক প্রশিক্ষন কর্মসূচীর আয়োজন করা হয় । নরসিংগড়ে পুলিশ ট্রেনিং একাডেমিতে এই প্রশিক্ষন কর্মসুচীতে অংশ নেন ডিএসপি পদমর্যাদার পুলিশ আধিকারিক সহ টিএসআরের অতিরিক্ত কমান্ডেন্ট পর্যায়ের ১৫ জন অফিসার। ত্রিপুরা পুলিশের উদ্যোগে এই প্রশিক্ষন শিবিরে আলোচনা করেন প্রাক্তন জেলা ও দায়রা বিচারক সুভাষ সিকদার এবং পুলিশ ট্রেনিং একাডেমির ভাইস প্রিন্সিপাল প্রনব দেবনাথ। পুলিশ সদর দপ্তর থেকে এই খবর জানান হয় ।

************

**Police alert** :

রাজ্য পুলিশের সদর দপ্তর থেকে গতকাল রাতে এক বিবৃতিতে জানানো হয় , রাজ্যের শান্তি শান্তি শৃঙ্খলার পরিবেশ বিনষ্ট করতে কতিপয় ব্যক্তি সামাজিক মাধ্যমে ভিত্তিহীন গুজব ছড়াচ্ছে। পুলিশ সদর দপ্তর থেকে আবেদন করা হয়েছে এই ধরনের প্রচারে

আকৃষ্ট  না হতে। এসব গুজব যারা রটাচ্ছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছে পুলিশ প্রশাসন। এই ধরনের কোনও প্রচার সামাজিক মাধ্যমে পেলে নিকটবর্তী থানা অথবা ১১২ কিংবা ১০০ নম্বরে ফোন করে জানাতে অনুরোধ করা হয়েছে । একইসঙ্গে জানানো হয়েছে রাজ্যের পরিস্থিতি শান্তিপূর্ণ ও স্বাভাবিক রয়েছে।

*************

**TSECL MD :**

রাজধানী আগরতলা সহ রাজ্যের বিভিন্ন অংশে বিদ্যুৎ পরিবাহী ব্যবস্থা মাটির নিচে দিয়ে নিয়ে যাওয়ার পরিকল্পনা করেছে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম। গতকাল  আগরতলায় নিগমের প্রধান কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা, রাজ্য বিদ্যুৎ নিগমের নব নিযুক্ত ম্যানেজিং ডিরেক্টর বিশ্বজিৎ বসু একথা জানান। তিনি বলেন আগরতলা, ছাড়াও ধর্মনগর, উদয়পুর ও এডিসি সদর খুমুলুঙ্গে মাটির নিচ দিয়ে বিদ্যুৎ পরিবাহী ব্যবস্থা স্থাপনের পরিকল্পনা করা হয়েছে। এর জন্য ২০০০ কোটি টাকা খরচ হবে। এই কাজের জন্য ডিপিআর অর্থাৎ চুড়ান্ত প্রজেক্ট রিপোর্ট তৈরি করা হচ্ছে।  এম ডি জানান বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ সম্প্রতি নিগম কার্যালয়ে বিভিন্ন বিদ্যুৎ সংস্থার আধিকারীকদের সঙ্গে বৈঠক করে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা আরও কার্যকর করার জন্য কিছু পরামর্শ দিয়েছেন।

**************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানের ১১২তম পর্বে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*************

**ADC:**

এডিসির বন দপ্তরের উদ্যোগে, গতকাল খুমুলুঙ জ্যোনাল ভিত্তিক বোনমোহৎসব পালন করা হয়।৭৫ তম বোনমোহৎসব এর শুভ উদ্বোধন করেন শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা। প্রধান অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন বন দপ্তরের নির্বাহী সদস্য ভবরঞ্জন রিয়াং। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন তথ্য সংস্কৃতি দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা, এম.ডি.সি গণেশ দেববর্মা, পশ্চিম জ্যোনালের জয়েন্ট চেয়ারম্যান বিশুরাই দেববর্মা, পশ্চিম জ্যোনালের ভাইস চেয়ারম্যান সুধীর দেববর্মা, খুমলুঙ সাব জ্যোনালের চেয়ারম্যান কৃপেশ দেববর্মা। সভাপতিত্ব করেন পশ্চিম জ্যোনালের চেয়ারম্যান টনি দেববর্মা। স্বাগত ভাষণ রাখেন বনদপ্তরের অতিরিক্ত প্রধান আধিকারিক চানমোহন রিয়াং। সুষ্ঠ জীবন যাপন গড়ে তোলার

ক্ষেত্রে সবুজ বনায়নের গুরুত্ব অপরিসীম বলে উল্লেখ করেন, উদ্বোধক শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য, রবীন্দ্র দেববর্মা।

*************

**DEATH, BJP LEADER :**

রাজ্যের প্রবীন এবং বর্ষীয়ান বিজেপি নেতা শিক্ষাবিদ রসিক রঞ্জন গোস্বামী গত মঙ্গলবার রাতে ধর্মনগরের একটি বেসরকারি নার্সিংহোমে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর। ধর্মনগরের দীননাথ নারায়নী বিদ্যামন্দিরে শিক্ষকতার পাশাপাশি আটের দশক থেকে তিনি সক্রিয় রাজনীতির সংগে যুক্ত ছিলেন। তাঁর মৃত্যুতে জেলা বিজেপি সভাপতি কাজল দাস জেলার বিজেপি সম্পাদক জহর চক্রবর্তী শোক ও সমবেদনা জানিয়েছেন

*************

**Weather ..**

আজ দুপুর পর্যন্ত আবহওায়র পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে রাজ্যের সবকয়টি জেলায়। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি পাতের পরিমান ছিল ১ মিলিমিটার। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।

*************

*************